



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ১১/০৩/২০১৮ খ্রি:

জনাব আবুল হাসানাত আবদুল্লাহ-কে ববি উপাচার্যের অভিনন্দন

বরিশাল-১ আসনের মাননীয় সংসদ সদস্য বরিশাল জেলা আওয়ামীলীগের সভাপতি, সাবেক চীফ হুইপ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবং সম্প্রতি পুনঃগঠিত পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক হিসেবে পূর্ণ মন্ত্রীর পদমর্যাদা লাভ করায় জনাব আবুল হাসানাত আবদুল্লাহ-কে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিসিএসআইআর এর সাবেক চেয়ারম্যান এবং বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় বলেন, তাঁর যোগ্য ও গতিশীল নেতৃত্বে পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়নের গতি আরও ত্বরান্বিত হবে এবং পার্বত্য জনপদে শান্তির সু-বাতাস বইবে। উপাচার্য মহোদয় তাঁর সু-স্বাস্থ্য ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন। একইসাথে উপাচার্য মহোদয় জনাব আবুল হাসানাত আবদুল্লাহ-কে পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক হিসেবে মন্ত্রীর পদমর্যাদায় অধিষ্ঠিত করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনা-কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর সু-স্বাস্থ্য ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস